পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম

a2i innovate for all | Cabinet Division Government of the People's Republic of Bangladesh | ICT DIVISION FUTURE IS HERE | UNDP

# সমবায় সমিতি অনলাইন নিবন্ধন

## কার্যক্রম

'অনলাইন রেজিস্ট্রেশন' বাংলাদেশে সমবায় ব্যবস্থাপনায় এক যুগান্তকারী উদ্যোগ। এ সেবাটি সমবায় সমিতি নিবন্ধনসহ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল ম্যানুয়াল সেবাকে ডিজিটাইজেশনে কাজ করছে। এর মূল কার্যক্রম হলো : সমবায় সমিতি নিবন্ধনের যাবতীয় তথ্যাদি সেবাগ্রহীতার নিকট অনলাইনে সহজলভ্য করা (service.rdcd.gov.bd), অনলাইনে সকল আবেদন দাখিল, ঘরে বসেই অনলাইন আবেদন নিস্পত্তির সুবিধা প্রাপ্তি নিশ্চিত করা। পাশাপাশি সকল ধরণের ফি পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে প্রদান করার সুযোগ তৈরি করা। সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিসহ, আর্থিক বিবরণী ও সদস্যদের তথ্য অনলাইন প্লাটফর্মে যুক্ত করা এবং সারা দেশের সকল সমবায় সমিতিকে একটি জাতীয় ওয়েব পোর্টালে যুক্ত করা (portal.coop.gov.bd)। একই সাথে সেবা প্রদানকারীগণের কার্যক্রম অনলাইন তথ্য ভান্ডারের মাধ্যমে মনিটর করা।

## ফলাফল

১. বাংলাদেশে সমবায় সেক্টরে প্রথমবারের মত একটি ডাটাবেইজ তৈরি হবে।
২. সমবায় নিবন্ধনে সময়, ব্যয় ও অনাকাংখিত জটিলতা দূর হবে।
৩. স্বয়ংক্রিয় প্রক্রিয়ার কারণে ভুল হ্রাস ও দুর্নীতি প্রতিরোধ করবে।
৪. কাগজবিহীন কার্যক্রম ও দপ্তরসমূহের মধ্যে সমন্বয় বাড়াবে।
৫. সমবায় সমতি ব্যবস্থাপনায় দক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধি পাবে।

## অগ্রগতি

সমবায় সমিতির অনলাইন নিবন্ধন কার্যক্রম ইতোমধ্যে শুরু করা হয়েছে। বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে কোনো সমিতি নিবন্ধন করা হচ্ছে না। এ যাবৎ ৩,৪৯৭টি সমবায় সমিতি অনলাইনে নিবন্ধন প্রদান করা হয়েছে এবং এ পর্যন্ত সর্বমোট ৮৫,২৯৫টি সমবায় সমিতি এ ডাটাবেজে যুক্ত হয়েছে। যার প্রত্যেকটির স্বয়ংক্রিয় ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে। এ সিস্টেমে অদ্যাবধি ১০,৫১,১৫৩ জন সমবায়ীর তথ্য সংযুক্ত হয়েছে। এছাড়া সমবায় সমিতির নিবন্ধন বাতিল, উপ-আইন সংশোধন, হিসাব ব্যবস্থাপনা, নিরীক্ষা বরাদ্দ ও নিরীক্ষা সম্পাদন ইত্যাদি কার্যক্রম এ সিস্টেমের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

## নিবন্ধনের প্রসেস ম্যাপ

ব্রাউজার (গুগল ক্রোম) | service.rdcd.gov.bd | লগইন | প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন | আবেদন করুন | সমিতি নিবন্ধন | সমিতি নিবন্ধনের আবেদন

### নামের ছাড়পত্রের আবেদন


সমবায় সমিতি নিবন্ধনের আবেদনের পূর্বে 'নেম ক্লিয়ারেন্স' করা বাধ্যতামূলক। এই পেইজে নেম ক্লিয়ারেন্সের জন্য প্রয়োজনীয় তথ্য যেমন: বিভাগ, জেলা, অফিসের নাম, সমিতির নাম ও ক্যাটাগরি এবং সমিতির ধরন-এর ডাটা পূরণ করে আবেদন করুন। লিস্টের সম্পাদন অংশে সমিতির বর্তমান অবস্থা (অনুমোদিত/প্রক্রিয়াধীন) দেখাবে।

**কর্মকর্তা থেকে অনুমোদন**

অবেদনটি অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। আবেদন অনুমোদন/ বাতিল/ সংশোধনের জন্য প্রেরণ করা হলে সেটি হোম পেজের আবেদিত সেবাসমূহের স্ট্যাটাসে দেখা যাবে এবং আবেদনকারী নোটিফিকেশনও পাবেন।

### সমিতি নিবন্ধনের আবেদন

- ধাপ-১: প্রাথমিক তথ্য
- ধাপ-২: লক্ষ্য ও উদ্দেশ্য
- ধাপ-৩: সদস্য নিবন্ধন
- ধাপ-৪: আর্থিক তথ্যাদি
- ধাপ-৫: কমিটি ব্যবস্থাপনা
- ধাপ-৬: সমিতির আয়-ব্যয়
- ধাপ-৭: সমিতির বাজেট
- ধাপ-৮: কাগজ পত্রাদি
- ধাপ-৯: চূড়ান্ত ডেটাসমূহ




#### প্রয়োজনীয় কাগজপত্র

**সমিতির জন্য**
- নিবন্ধন ফি এর চালান কপি বাধ্যতামূলক
- সাংগঠনিক সভার রেজুলেশন বাধ্যতামূলক
- অফিস ভাড়ার চুক্তিপত্র বাধ্যতামূলক

**সদস্যের জন্য**
- ছবি বাধ্যতামূলক
- স্বাক্ষর বাধ্যতামূলক
- ঠিকানার প্রত্যয়ন পত্র বাধ্যতামূলক
- এন আই ডি বাধ্যতামূলক

- নেম ক্লিয়ারেন্স এপ্রুভাল পাবার পর সিটিজেন সমিতি নিবন্ধনের জন্য আবেদন করতে পারবেন।
- সমিতি ও প্রজেক্টের নাম সিলেক্ট করে সব ধাপগুলো পূরণ করতে হবে।
- একটি ধাপ সম্পূর্ণ হওয়ার পর পরবর্তী ধাপে গেলে আগের তথ্যসমূহ সংরক্ষণ করা হয়। ইউজার চাইলে প্রথম পেজ অসম্পূর্ণ আবেদনের লিস্ট থেকে সিলেক্ট করে নিতে পারবে।

**কর্মকর্তা থেকে অনুমোদন**

অবেদনটি অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। আবেদন অনুমোদন/ বাতিল/ সংশোধনের জন্য প্রেরণ করা হলে সেটি হোম পেজের আবেদিত সেবাসমূহের স্ট্যাটাসে দেখা যাবে এবং আবেদনকারী নোটিফিকেশনও পাবেন।

DOWNLOAD **ডকুমেন্ট ডাউনলোড** ডকুমেন্ট ডাউনলোড পেইজের মাধ্যমে সংশ্লিষ্ট সমিতির ডকুমেন্টসমূহ ডাউনলোড করা যাবে।

ERA INFOTECH LTD | orangebd orange business development limited | সমবায় অধিদপ্তর